



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

স্মারক নম্বরঃ চশিবো/পরী/উমা/ব্যব:অন্ত: বহি: পরীক্ষক/৩৬/২০০০/

তারিখ : ০৯/০৯/২০২১

বিষয় : ২০২১ সালের এইচএসসি/সমমানের পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের ব্যবহারিক খাতা জমাদান প্রসঙ্গে।  
সূত্র : জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের স্মারক নং-৩৭.০৬.০০০০.৪০২.২২.৩৪২.১৯/১২৩১ তারিখ : ১২/০৮/২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ অতিমারির কারণে ২০২১ সালের এইচএসসি/সমমানের পরীক্ষার পাঠ্যসূচি পুনর্বিन্যাস করা হয়েছে। যেসব বিষয়ে ব্যবহারিক আছে সেসব বিষয়ে পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচিতে কী কী ব্যবহারিক করতে হবে তা উল্লেখ করা আছে। যেহেতু কোভিড পরিস্থিতির কারণে ২০২১ সালের এইচএসসি/সমমান পরীক্ষার্থীদের শুধু নৈর্বাচনিক বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে, সেহেতু নৈর্বাচনিক বিষয়ের ব্যবহারিকের খাতা (নোট বুক) জমা নেওয়া প্রয়োজন।

এইচএসসি/সমমান পরীক্ষার্থীরা তার নৈর্বাচনিক প্রত্যেক বিষয়ের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচিতে উল্লিখিত ব্যবহারিকের যেকোনো ০২(দুই)টি ব্যবহারিক কার্যক্রমের খাতা (নোট বুক) তৈরি করে স্ব স্ব প্রতিষ্ঠানে জমা দিবে। একইভাবে পরীক্ষার্থীরা তার নৈর্বাচনিক বিষয়ের প্রতিটির (যে গুলোতে ব্যবহারিক আছে) প্রতি পত্রের জন্য সংক্ষিপ্ত পাঠ্যসূচিতে উল্লিখিত ব্যবহারিকের দু'টি করে ব্যবহারিক কার্যক্রমের খাতা (নোট বুক) তৈরি করে জমা দিতে হবে।

বিষয়টি অতীব জরুরি।

চেয়ারম্যানের আদেশক্রমে

(নারায়ন চন্দ্র নাথ) ০৯/০৯/২১

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
চট্টগ্রাম।

ফোন: ০৩১-২৫৫৩১৪৫, ০৩১-২৫৫৩১৫১

Email : ce@bise-ctg.gov.bd

প্রাপক

অধ্যক্ষ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর আওতাধীন মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান।

সংযুক্তি : ১) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পত্র।

২) জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের পত্র।

৩২৪



# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

www.nctb.gov.bd



স্মারক নং: ৩৭.০৬.০০০০.৪০২.২২.৩৪২.১৯/১২১১

তারিখ: ২৭ শ্রাবণ, ১৪২৮ বঙ্গাব্দ  
১২ আগস্ট, ২০২১ খ্রিস্টাব্দ

স্ব/নি  
১২/৮/২১  
স্ব/নি (স্ব/নি)  
১২/৮/২১

**বিষয়: ২০২১ সালের এসএসসি/সমমানের এবং এইচএসসি/সমমানের পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের  
ব্যবহারিক খাতা জমাদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড ১৯ অতিমারির কারণে ইতোমধ্যে ২০২১ সালের এসএসসি/সমমানের এবং এইচএসসি/সমমানের পরীক্ষার পাঠ্যসূচি পুনর্বিন্যাস করা হয়েছে। যেসব বিষয়ে ব্যবহারিক আছে সেসব বিষয়ে পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচিতে কী কী ব্যবহারিক করতে হবে তাও উল্লেখ করা আছে। যেহেতু কোভিড পরিস্থিতির কারণে ২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার্থীদের শুধুমাত্র নৈর্বাচনিক বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে, সেহেতু যেসব নৈর্বাচনিক বিষয়ের ব্যবহারিক আছে সেসব নৈর্বাচনিক বিষয়ের ব্যবহারিকের খাতা (নোট বুক) জমা নেওয়া প্রয়োজন।

এসএসসি/সমমানের পরীক্ষার্থীরা তার নৈর্বাচনিক প্রত্যেক বিষয়ের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচিতে উল্লিখিত ব্যবহারিকের যেকোনো দু'টি ব্যবহারিক কার্যক্রমের খাতা (নোট বুক) তৈরি করে স্ব স্ব প্রতিষ্ঠানে জমা দিবে। একইভাবে এইচএসসি/সমমানের পরীক্ষার্থীরা তার নৈর্বাচনিক বিষয়ের প্রতিটির (যেগুলোতে ব্যবহারিক আছে) প্রতি পত্রের জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচিতে উল্লিখিত ব্যবহারিকের দু'টি করে ব্যবহারিক কার্যক্রমের খাতা (নোট বুক) তৈরি করে জমা দিতে হবে।

এই বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান ও ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে সনির্বন্ধ অনুরোধ জানানো হলো।

১২.০৬.২১  
(প্রফেসর নারায়ন চন্দ্র সাহা)

চেয়ারম্যান

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ।

ফোন: ৯৫৬৫৪৩২

**মহাপরিচালক**

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ

অনুলিপি:

- ১৮। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড  
(ঢাকা, যশোর, কুমিল্লা, রাজশাহী, বরিশাল, সিলেট, চট্টগ্রাম, দিনাজপুর)
- ০৯। সদস্য শিক্ষাক্রম
- ১০। একান্ত সচিব, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ
- ১১। পিএ টু চেয়ারম্যান, এনসিটিবি
- ১২। সংরক্ষণ নথি।